ভোরের কাগজ

৩০।৮।২০০২

তারিখ

পৃষ্ঠা

ছাত্রদলের লাগাতার ধর্মঘট

# ঢা.বির সকল পরীক্ষা ৫ সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ছাত্রদল আহূত লাগাতার ধর্মঘটের ফলে সৃষ্ট অচলাবস্থার কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৫ সেপ্টেম্বর পর্যন্ত সকল পরীক্ষা এবং ক্লাস স্থগিত ঘোষণা করেছে। ধর্মঘটের কারণে এ নিয়ে মোট ১ মাস ৪ দিন পরীক্ষা এবং ক্লাস অনুষ্ঠিত হতে পারেনি। ধর্মঘটের কারণে এ পর্যন্ত মোট ৩৭০টি পরীক্ষা অনুষ্ঠিত হতে পারেনি। এর আগে ১৫ দিন ধর্মঘট চলার পর কর্তৃপক্ষের সঙ্গে সফল আলোচনার পরিপ্রেক্ষিতে বিভিন্ন হলে ছাত্রদলের বিতাড়িত কর্মীদের তুলে দেওয়ার প্রক্রিয়া শুরু হলে ছাত্রদল ধর্মঘট স্থগিত ঘোষণা করে। ১৭ আগস্ট জিয়া হলে ছাত্রলীগ নেতা ফিরোজ হত্যাকাণ্ডের ঘটনায় ছাত্রলীগ ছাত্রদলের ওপর দোষ চাপিয়ে বিভিন্ন হল থেকে ছাত্রদলের কর্মীদের মারধর করে বের করে দেয়। এ ঘটনার প্রতিবাদে ছাত্রদল ক্যাম্পাসে ১৮ আগস্ট থেকে লাগাতার ধর্মঘটের ডাক দেয়। ছাত্রদলের ডাকা লাগাতার ধর্মঘটের ফলে উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনা করতে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট গতকাল এক বৈঠকে বসে। উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত বৈঠকে আগামী এক সপ্তাহের জন্য পরীক্ষা এবং ক্লাস স্থগিত করার সিদ্ধান্ত হয়। বৈঠকে আগামী ১ সেপ্টেম্বর ছাত্রদল এবং ২ সেপ্টেম্বর ছাত্রলীগকে আলোচনায় বসার জন্য আহ্বান জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

এদিকে নতুন করে আলোচনায় বসার বিষয়ে ছাত্রদল সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টু বলেন, অতীতে অনেকবার আলোচনায় বসেছি তাতে সমস্যার কোনো সমাধান হয়নি। তিনি প্রশ্ন করেন ভিসির পদত্যাগ করতে বাধা কোথায়?